14040 - জানাযার নামায ফরযে কিফায়া

প্রশ্ন

জানাযার নামাযের ফরযিয়ত কি পুরুষদের জন্য খাস; নাকি নর-নারী প্রত্যেক মুসলিমের জন্য সমানভাবে আম।

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

জানাযার নামায ফরযে কিফায়া। যদি কিছু লোক সেটা আদায় করে অন্যদের উপর থেকে সেটা মওকুফ হয়ে যায়। আর যদি জেনেশুনে সকলে বর্জন করে তাহলে সকলে গুনাহগার হয়। এ বিধান পুরুষদের জন্য খাস নয়। বরং মৃত ব্যক্তির জানাযার নামায আদায়ের ক্ষেত্রে নর-নারী উভয়ের জন্য বিধান সমান। যদিও মূলতঃ পুরুষেরাই এ আমলটি করে থাকে। তবে কোন নারী মৃতব্যক্তির অনুগমন করবে না (কবরস্থানে যাবে না)। যেহেতু উম্মে আতিয়্যা (রাঃ) থেকে বর্ণিত হয়েছে যে, তিনি বলেন: "আমাদেরকে মৃতব্যক্তির অনুগমন করা থেকে নিষেধ করা হয়েছে। তবে কঠোরভাবে নিষেধ করা হয়নি।"[সহিহ বুখারী ও সহিহ মুসলিম] অপর এক বর্ণনায় এসেছে: "রাসূলুল্লাহ্‌সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদেরকে.... নিষেধ করেছেন" ।[আল-হাদিস]